

পরীক্ষা নিয়েই মেডিকলে ভর্তি

যায়যায়দিন রিপোর্ট

২০১৩-১৪ শিক্ষাবর্ষের মেডিকেল ও ডেন্টাল কলেজের শিক্ষার্থী ভর্তি কার্যক্রম হবে পরীক্ষার মাধ্যমেই। আগামী ১০ এপ্রিল মন্ত্রণালয়ের বৈঠকে এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত জানানো হবে।

৩৩-বার সকালে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) মিস্টন হলে বাংলাদেশ হেলথ রিপোর্টার্স ফোরাম আয়োজিত 'মেডিকেল কলেজে ভর্তি : পরীক্ষা না জিপিএ' শীর্ষক গোলটেবিল আলোচনায় মেডিকেল ভর্তির বিষয়ে এই মত দিয়েছেন মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তারা। আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ডা. সৈয়দ মোনাচ্ছের আনী বলেন, 'ধরন যা-ই হোক, ভর্তি : পৃষ্ঠা ২ কলাম ২

যায়যায়দিন

ভর্তি : পরীক্ষা

(প্রথম পৃষ্ঠার পর)

পরীক্ষার মাধ্যমেই মেডিকেল ও ডেন্টালে ভর্তি করা হবে। তিনি বলেন, জনগণের মডের বাইরে এ সময় সরকার কোনো সিদ্ধান্ত নেবে না। কারণ, সরকারের হাতে সময় বেশি নেই। মোনাচ্ছের বলেন, এ মুহূর্তে কোনো ধরনের বড় পরিবর্তনের সিদ্ধান্ত নিলে তার প্রভাব রাজনৈতিকভাবেও পড়বে। মন্ত্রণালয়ের সচিব এমএম নিয়াজউদ্দিন বলেন, আগামী ১০ এপ্রিল মেডিকেল ও ডেন্টালে ভর্তির বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে। বর্তমানে এ সম্পর্কে পরামর্শ নেয়া হচ্ছে। সবার মতামতের ভিত্তিতে ডালো ও হুজ পদ্ধতিই সরকার বেছে নেবে বলে জানান তিনি। স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (স্বাস্থ্য শিক্ষা) অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান বলেন, গত ২৪ মার্চ স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে বিভিন্ন মেডিকেল কলেজের প্রতিনিধির বৈঠক অনুষ্ঠিত হয়। সেখানে অধিকাংশ অধ্যক্ষই পরীক্ষা পদ্ধতির পক্ষে মত দেন। বিএসএমএমইউর উপাচার্য অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্ত

বলেন, পরীক্ষার মাধ্যমেই মেডিকলে ভর্তি প্রক্রিয়া হতে পারে। তবে জিপিএ এর ১০০ নাম্বার ছাড়াও ভর্তি পরীক্ষায় ১০০ নাম্বারে অন্তত ৩০ নাম্বার পাওয়ার বিষয়টির ওপর জোর দেন তিনি। এছাড়াও ভবিষ্যতে কোচিংসেপার ব্যবসা বন্ধে এসএসসি পরীক্ষা বা এইচএসসি পরীক্ষা শেষ হওয়ার ১০ দিনের মধ্যেই ভর্তি পরীক্ষা গ্রহণের সুপারিশ করেন তিনি। বিএইচআরএফের সভাপতি তৌফিক মারুফের সভাপতিত্বে গোলটেবিল আলোচনায় আরো বক্তব্য রাখেন স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হাবিবুর রহমান খান, যুগ্ম সচিব মতিউর রহমান খান, বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের (বিএমএ) সাবেক সভাপতি অধ্যাপক ডা. রশিদ-ই-মাহবুব, বর্তমান কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. এহসানুল হক জগলুল, সোমুরাওয়াদী মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. এবিএম মাকসুদ আলম, উবিনীগের নির্বাহী পরিচালক ফরিদা আবতাব, প্রাইভেট প্র্যাকটিশনার ডক্টরস অ্যাসোসিয়েশনের মহাসচিব ডা. মো. জামালউদ্দিন চৌধুরী, পোস্ট গ্র্যাজুয়েট ডক্টরস অ্যাসোসিয়েশনের মহাসচিব রাকিবুল ইসলাম লিটু প্রমুখ।